# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
## বরিশাল

স্মারক নং-বশিবো/বিঃনিবঃ/২০২৬/৩৫০ তারিখ : ১৫.০৭.২০২৬খ্রি.

বিষয় : ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে অধ্যায়নরত শিক্ষার্থীদের অনলাইন (online) রেজিস্ট্রেশন ও ফি জমাদান প্রসঙ্গে।

অত্র শিক্ষাবোর্ডের আওতাধীন সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয়ের প্রধানগণকে জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের নবম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণপূর্বক অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম বর্ণিত সময়সূচি অনুযায়ী সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।

নির্দেশাবলী

১। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল এর ওয়েব সাইটে e-SIF লিংকে Log in করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদন করতে হবে;

২। eSIF প্যানেল Login করে সোনালী ই-সেবার মাধ্যমে ফি পরিশোধ করতে হবে।

৩। ৯ম শ্রেণির রেজিস্ট্রেশনের ক্ষেত্রে ৯ম শ্রেণির Password ব্যবহার করতে হবে। কোনো অবস্থায়ই জেএসসি Password ব্যবহার করা যাবে না;

৪। শিক্ষার্থীদের ছবি Upload করার সময় খুবই সতর্কতা অবলম্বন করতে হবে যাতে একজনের ছবির পরিবর্তে অন্যজনের ছবি Upload না হয়;

৫। নিজ শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থী ব্যতীত অন্য কোনো শিক্ষার্থীকে কোনো অবস্থাতেই রেজিস্ট্রেশনভুক্ত করা যাবে না। যদি এর ব্যত্যয় ঘটে তাহলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে;

৬। রেজিস্ট্রেশন সংক্রান্ত ফি এর টাকা সোনালী ই-সেবার মাধ্যমে জমা দিতে হবে;

৭। eSIF প্যানেল Login করে সোনালী ই-সেবার মাধ্যমে ফি পরিশোধের তারিখ ১৬.০৭.২০২৬ থেকে ২৬.০৭.২০২৬ তারিখ পর্যন্ত। সোনালী ই-সেবার মাধ্যমে ফি জমা দেয়ার পর থেকেই eSIF data entry করা যাবে এবং ৩১.০৭.২০২৬ তারিখ পর্যন্ত বহাল থাকবে।

এসএসসি অনলাইন রেজিস্ট্রেশন সংক্রান্ত খাওতায়ারী ফি এর হার নিম্নরূপ:

| | |
|---|---|
| ০১। রেজিস্ট্রেশন ফি (শিক্ষার্থী প্রতি) | ১০০/- |
| ০২। ক্রীড়া ফি (শিক্ষার্থী প্রতি) | ৫০/- |
| ০৩। রেড ক্রিসেন্ট ফি (শিক্ষার্থী প্রতি) | ১৬/- |
| ০৪। অন্ধকল্যাণ ফি (শিক্ষার্থী প্রতি) | ৫/- |
| ০৫। স্কাউট / গার্লস গাইড ফি (শিক্ষার্থী প্রতি) | ২৫/- |
| ০৬। বিজ্ঞান ও প্রযুক্তি ফি (শিক্ষার্থী প্রতি) | ৫/- |
| ০৭। বিএনসিসি ফি (শিক্ষার্থী প্রতি) | ১০/- |
| ০৮। বেসরকারি শিক্ষক কর্মচারী কল্যাণ তহবিল ফি (শিক্ষার্থী প্রতি) | ১০০/- |
| ০৯। উন্নয়ন ফি (শিক্ষার্থী প্রতি) | ৫০/- |
| ১০। ই-সার্ভিস ফি | ২৫/- |
| ** শিক্ষার্থী প্রতি সর্বমোট ---------------------------------- | ৩৮৬/- (তিনশত ছিয়াশি)টাকা। |

বিদ্রঃ জাতীয় স্কুল ক্রীড়া এ্যাফিলিয়েশন ফি (প্রতিষ্ঠান প্রতি) ৩০০/- টাকা। নির্ধারিত সময়ের পর শিক্ষার্থী প্রতি ১৪০/- টাকা বিলম্ব ফি যুক্ত হবে।

উল্লেখ্য, ব্যাংকে সোনালী সেবার মাধ্যমে টাকা জমাদানের মুলকপি ও eSIF মূল প্রিন্ট কপি (হার্ড কপি) প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে; বোর্ডে জমা দিতে হবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

15.07.26

(মো: সাইফুর রহমান হাওলাদার-০০০১৩৬৫৫)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
এ বোর্ডের আওতাধীন সকল অনুমতিপ্রাপ্ত/স্বীকৃতিপ্রাপ্ত স্কুল এন্ড কলেজ ও মাধ্যমিক বিদ্যালয়।

বিতরণ:

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৪। জেলা শিক্ষা অফিসার, বরিশাল/পটুয়াখালী/বরগুনা/পিরোজপুর/ভোলা/ঝালকাঠি।
০৫। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট সকল)....(অধিক্ষেত্রাধীন সকল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের বিষয়টি অবহিত করণের জন্য অনুরোধসহ)
০৭। পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল।
০৮। সংরক্ষণ কপি।